# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

### সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. **মুজিবনগর সরকার গঠিত না হলে নিচের কোন সমস্যাটি হতো?**
(ক) যুদ্ধ দীর্ঘায়িত হতো
(খ) যুদ্ধ সঠিকভাবে পরিচালিত হতো না
(গ) ভারত থেকে সাহায্য পাওয়া যেত না
(ঘ) মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হতো না

২. **বাংলাদেশের প্রধান সমস্যা কোনটি?**
(ক) খাদ্য (খ) বাসস্থান (গ) চিকিৎসা (ঘ) জনসংখ্যা

৩. **জলবায়ু পরিবর্তনে মানবসৃষ্ট প্রধান কারণ কোনটি?**
(ক) খাল খনন করা (খ) পুকুর খনন করা
(গ) পাখি শিকার করা (ঘ) অপ্রয়োজনে গাছ কাটা

৪. **বাংলাদেশে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হওয়ার প্রধান কারণ কোনটি?**
(ক) ভূমিধস (খ) নদী ভরাট
(গ) জলবায়ু পরিবর্তন (ঘ) বিরূপ আবহাওয়া

৫. **বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের বাংলাদেশের ইতিহাস বিষয়ক জ্ঞান বৃদ্ধির প্রধান উপায় কী?**
(ক) চিত্র প্রদর্শনী (খ) দেওয়াল পত্রিকা (গ) আলোচনা সভা (ঘ) বইপড়া কর্মসূচি

৬. **নিচের কোন জেলা অধিক খরাপ্রবণ?**
(ক) রংপুর (খ) সিলেট (গ) বরিশাল (ঘ) টাঙ্গাইল

৭. **নবাব সিরাজ-উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন?**
(ক) সৈন্যদের অদক্ষতার জন্য (খ) প্রয়োজনীয় অস্ত্রের অভাবে
(গ) সঠিক যুদ্ধ কৌশলের অভাবে (ঘ) মীর জাফরের বিশ্বাসঘাতকতার জন্য

৮. **সিলেটে প্রচুর পরিমাণে চা হয় কারণ, ভূমি—**
(ক) নিচু বলে (খ) পার্বত্য বলে (গ) সমতল বলে (ঘ) পাহাড়ি ঢালু বলে

৯. **কোনটি রপ্তানির মাধ্যমে বাংলাদেশে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?**
(ক) কাগজ (খ) সিমেন্ট (গ) যন্ত্রপাতি (ঘ) শ্রমশক্তি

১০. **বিদেশিরা নিচের কোন সুবিধার জন্য বাংলাদেশে শিল্পকারখানা স্থাপনে আগ্রহী?**
(ক) মূলধন (খ) মানব সম্পদ (গ) প্রাকৃতিক সম্পদ (ঘ) প্রয়োজনীয় কাঁচামাল

১১. **শিশু শ্রমিকরা সাধারণত নিচের কোন অধিকার থেকে বঞ্চিত হয়?**
(ক) শিক্ষা (খ) চিকিৎসা (গ) অর্থনৈতিক (ঘ) রাজনৈতিক

১২. **নারীদের জন্য বেগম রোকেয়ার প্রধান অবদান কোনটি?**
(ক) শিক্ষার প্রসার (খ) ঐক্যের প্রসার (গ) সংস্কৃতির প্রসার (ঘ) স্বাধীনতার প্রসার

https://teachingbd24.com

১৩. সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে নাগরিকের প্রধান দায়িত্ব কোনটি?
(ক) নির্বাচনে প্রার্থী হওয়া (খ) নির্বাচনের ফলাফল মেনে নেওয়া
(গ) প্রিয় প্রার্থীর পক্ষে প্রচার চালানো (ঘ) নির্বাচনের আচরণবিধি মেনে চলা

১৪. অটিস্টিক বন্ধুর সাথে নিচের কোন আচরণটি করা উচিত নয়?
(ক) তাকে বিরক্ত করা (খ) তার সাথে খেলা করা
(গ) তার সাথে বন্ধুত্ব করা (ঘ) তার মতামতকে গুরুত্ব দেওয়া

১৫. জলবায়ুর পরিবর্তনজনিত কারণে বাংলাদেশে নিচের কোনটি বৃদ্ধি পেতে পারে?
(ক) শিশু মৃত্যু (খ) জনসংখ্যা বৃদ্ধি (গ) কৃষিজ উৎপাদন (ঘ) প্রাকৃতিক দুর্যোগ

১৬. ছাত্র-ছাত্রীদের প্রধান কর্তব্য কোনটি?
(ক) শিক্ষালাভ করা (খ) বয়স্কদের সম্মান করা
(গ) মানুষের উপকার করা (ঘ) রাষ্ট্রীয় সম্পদ রক্ষা করা

১৭. ইউনিসেফ বাংলাদেশে কোন খাতে সবচেয়ে বেশি সহায়তা করে?
(ক) পুষ্টি উন্নয়নে (খ) শিক্ষার উন্নয়নে (গ) দারিদ্র্য বিমোচনে (ঘ) সাংস্কৃতিক উন্নয়নে

১৮. ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রধান কারণ কোনটি?
(ক) প্রশাসনিক সুবিধা (খ) যোগাযোগ সুবিধা
(গ) ভৌগোলিক সুবিধা (ঘ) জাতীয় চেতনা বিনষ্ট করা

১৯. শিশুদের বিদ্যালয় থেকে ঝরে পড়ার প্রধান কারণ কোনটি?
(ক) সচেতনতার অভাব (খ) ভালো পরিবেশের অভাব
(গ) শিক্ষা উপকরণের অভাব (ঘ) বিদ্যালয়ে অমনোযোগিতা

২০. প্রাকৃতিক ভারসাম্য বিনষ্টের কারণ কী?
(ক) গাছ কাটা (খ) জলাভূমি ভরাট (গ) পশু-পাখি শিকার (ঘ) অতিরিক্ত জনসংখ্যা

২১. বিশুদ্ধ খাবার পানির তীব্র সংকট দেখা দেয় কোন সময়ে?
(ক) অনাবৃষ্টির সময় (খ) নদীভাঙনের সময়
(গ) ভূমিকম্পের সময় (ঘ) দীর্ঘস্থায়ী বন্যার সময়

২২. ভূমিকম্পের সময় প্রথম কোন কাজটি করা প্রয়োজন?
(ক) আতঙ্কিত হয়ে ছোটাছুটি করা
(খ) সকলে এক জায়গায় জড়ো হওয়া
(গ) সারিবদ্ধভাবে ঘর থেকে বের হওয়া
(ঘ) শক্ত আসবাবপত্রের নিচে আশ্রয় নেওয়া

২৩. তোমাদের বিদ্যালয় থেকে শিক্ষাসফরে যাওয়ার জন্য তোমাদের মতামত চাওয়া হলে নিচের কোন অধিকারটি প্রতিষ্ঠিত হবে?
(ক) মত প্রকাশের (খ) শিক্ষা গ্রহণের
(গ) সমান মর্যাদার (ঘ) স্বাধীনভাবে চলাফেরার

২৪. বেশি করে গাছ লাগানোর প্রধান উদ্দেশ্য কী?
(ক) বনভূমি রক্ষা করা (খ) মাটির ক্ষয় রোধ করা
(গ) পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি করা (ঘ) পরিবেশের ভারসাম্য রক্ষা করা

https://teachingbd24.com

২৫. **শিশু পাচার রোধ সম্পর্কে সচেতন করতে তুমি বিদ্যালয়ে নিচের কোন্ কাজটি করবে?**
(ক) নৃত্যানুষ্ঠান (খ) ভূমিকাভিনয়
(গ) রচনা প্রতিযোগিতা (ঘ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা

২৬. **তোমার দাদির কাছে তুমি কিছু প্রাচীন মুদ্রা দেখতে পেলে। এক্ষেত্রে তুমি কী করবে?**
(ক) লুকিয়ে রাখতে বলব (খ) ব্যাংকে রাখতে বলব
(গ) থানায় জমা দিতে বলব (ঘ) আমাকে দিয়ে দিতে বলব

২৭. **বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য তুমি কোনটি রপ্তানির পরামর্শ দেবে?**
(ক) জনসম্পদ (খ) বনজ সম্পদ (গ) খনিজ সম্পদ (ঘ) মৎস্য সম্পদ

২৮. **বাংলাদেশকে শিল্পোন্নত দেশে রূপান্তরিত করার জন্য স্বল্প শিক্ষিতদের কী প্রশিক্ষণ নেওয়ার জন্য তুমি সুপারিশ করবে?**
(ক) কৃষি (খ) মৎস্য (গ) ডেইরি (ঘ) কারিগরি

২৯. **দীর্ঘস্থায়ী বন্যার ফলে তোমার এলাকায় বিশুদ্ধ খাবার পানির সংকট মোকাবিলায় তুমি কী করবে?**
(ক) পানি ছেঁকে খেতে বলব (খ) পানি জমা রাখতে বলব
(গ) পানি বিশুদ্ধকরণ পদ্ধতি শেখাব (ঘ) অন্য এলাকা থেকে পানি আনতে বলব

৩০. **তোমাদের পাশের গ্রাম নদীভাঙনে বিলীন হয়ে যাচ্ছে। নদীভাঙন থেকে রক্ষা পাওয়ার জন্য তোমাদের করণীয় কী?**
(ক) নদীতে সেতু নির্মাণ করব (খ) উঁচু স্থানে গৃহ নির্মাণ করব
(গ) বাসস্থান অন্যত্র সরিয়ে নেব (ঘ) নদীর তীরে অনেক গাছ লাগাব

৩১. **ঐতিহাসিক স্থানের প্রতি তোমার বন্ধুদের আকৃষ্ট করতে তুমি কী করবে?**
(ক) পাঠ্যপুস্তক পড়তে বলব
(খ) টিভি অনুষ্ঠান দেখতে বলব
(গ) শিক্ষাসফরের আয়োজন করতে বলব
(ঘ) রচনা প্রতিযোগিতার আয়োজন করতে বলব

৩২. **অটিজমে আক্রান্ত একজন সহপাঠীকে তোমার ক্লাসের শিক্ষার্থীরা প্রায়ই তামাশা করে। এক্ষেত্রে তোমার করণীয় কী?**
(ক) প্রতিবাদ করব (খ) শ্রেণিশিক্ষককে বিষয়টি বলব
(গ) প্রতিদিন তাকে আমার পাশে বসাব (ঘ) বিষয়টি ঠিক নয় এটি বন্ধুদেরকে বোঝাব

৩৩. **দেশের অর্থনীতিতে সর্বাধিক অবদান রাখার জন্য তুমি কোন শিল্পপ্রতিষ্ঠান স্থাপন করবে?**
(ক) মৃৎশিল্প (খ) কুটিরশিল্প (গ) গার্মেন্টস শিল্প (ঘ) কাগজ শিল্প

৩৪. **তোমার গ্রামে প্রায় দুই হাজার লোক বাস করে। এই বিপুল জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নে তুমি কী পরামর্শ দেবে?**
(ক) জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে বলব (খ) জনসম্পদে পরিণত করতে বলব
(গ) কাজের সময় বাড়িয়ে দিতে বলব (ঘ) ভাগ্যের ওপর ভরসা করত বলব

৩৫. **তোমার বয়সি একজন প্রতিবেশী শিশু কারখানায় কাজ করে। তাকে বিদ্যালয়ে ফিরিয়ে আনতে তুমি কী করবে?**
(ক) আর্থিক সহায়তা করব
(খ) কাজ ছেড়ে দিতে বলব
(গ) আইনের সহায়তা নিতে বলব
(ঘ) শিক্ষকের সহায়তায় তার পিতামাতাকে বোঝাব

https://teachingbd24.com

৩৬. টেলিভিশনে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস শুনতে পেলে তুমি কী করবে?
(ক) বাড়িতে অবস্থান করব　(খ) আত্মীয়ের বাড়িতে যাব
(গ) বাঁধের উপর আশ্রয় নেব　(ঘ) পার্শ্ববর্তী আশ্রয় কেন্দ্রে যাব

৩৭. সোনারগাঁও সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহের জন্য তুমি কী করবে?
(ক) সোনারগাঁও-এর গল্প শুনব　(খ) সোনারগাঁও-এর ছবি দেখব
(গ) সোনারগাঁও সম্পর্কিত বই পড়ব　(ঘ) লোকশিল্প জাদুঘর পরিদর্শন করব

৩৮. বাংলাদেশের দক্ষিণাঞ্চল প্রায়ই বন্যা কবলিত হয়। ঐ অঞ্চলের বন্যা প্রতিরোধের জন্য তুমি কী পরামর্শ দেবে?
(ক) সেতু তৈরি করতে　(খ) বাঁধ নির্মাণ করতে
(গ) নৌকা তৈরি করতে　(ঘ) উঁচু স্থানে বাড়ি বানাতে

৩৯. অতিরিক্ত জনসংখ্যার ফলে পরিবেশের ভারসাম্য বিনষ্ট হচ্ছে। এক্ষেত্রে তোমার পরামর্শ কী?
(ক) গাছপালার যত্ন নিতে বলব　(খ) বেশি বেশি গাছ লাগাতে বলব
(গ) পরিবেশ পরিচ্ছন্ন রাখতে বলব　(ঘ) পরিবেশ দিবস পালন করতে বলব

৪০. তুমি বিদ্যালয়ে যাওয়ার পথে দেখলে তোমার প্রতিবেশী একটি পাখি ধরে নিয়ে যাচ্ছে। এক্ষেত্রে তুমি কী পরামর্শ দেবে?
(ক) রান্না করে খেতে বলব　(খ) পাখির গুরুত্ব তুলে ধরব
(গ) খাঁচায় রেখে দিতে বলব　(ঘ) বাজারে বিক্রি করতে বলব

৪১. মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতা প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ কতজনকে বীরশ্রেষ্ঠ উপাধি দেওয়া হয়?
(ক) ৪ জন　(খ) ৫ জন　(গ) ৬ জন　(ঘ) ৭ জন

৪২. বঙ্গভঙ্গ রদ করা হয় কত সালে?
(ক) ১৯১১ সালে　(খ) ১৯১২ সালে　(গ) ১৯১৮ সালে　(ঘ) ১৯২০ সালে

৪৩. কোনো স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা ও গড় বৃষ্টিপাতকে বলে—
(ক) মেঘ　(খ) আলো　(গ) জলবায়ু　(ঘ) আবহাওয়া

৪৪. কত বছরের নিচে শিশুশ্রম বেআইনি?
(ক) ১৫ বছর　(খ) ১৬ বছর　(গ) ১৭ বছর　(ঘ) ১৮ বছর

৪৫. বেগম রোকেয়ার জন্ম কোন জেলায়?
(ক) রংপুর　(খ) দিনাজপুর　(গ) ঠাকুরগাঁও　(ঘ) গাইবান্ধা

৪৬. মুক্তিযুদ্ধের সময় সারা দেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
(ক) ৭　(খ) ৯　(গ) ১০　(ঘ) ১১

৪৭. আমাদের প্রধান খাদ্যশস্য কোনটি?
(ক) ধান　(খ) গম　(গ) ডাল　(ঘ) ভুট্টা

৪৮. স্বাধীনভাবে চলাফেরার অধিকার কোনটি?
(ক) মানব পাচার　(খ) যেকোনো স্থানে যেতে পারা
(গ) রপ্তানি　(ঘ) আমদানি

৪৯. নিচের কোন জনগোষ্ঠী সিলেটে বসবাস করে?
(ক) গারো　(খ) ম্রো　(গ) ত্রিপুরা　(ঘ) খাসি

Teachingbd24.com

https://teachingbd24.com

৫০. গণতন্ত্র বলতে কী বোঝায়?

(ক) ব্যক্তির মত (খ) দলের মতামত (গ) জনগণের শাসন (ঘ) স্বৈরশাসন

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) গাছ না লাগিয়ে শুধু গাছ কাটলে কী ঘটতে পারে?

(খ) জনশক্তি রপ্তানির মাধ্যমে কীভাবে দেশ সমৃদ্ধশালী হচ্ছে?

(গ) বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীকে আমরা কীভাবে সর্বোত্তম ব্যবহার করতে পারি?

(ঘ) খরা প্রতিরোধের জন্য একটি করণীয় লেখ।

(ঙ) ২৫শে মার্চ রাতকে 'কালরাত' বলা হয় কেন?

(চ) বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছিল কেন?

(ছ) বাংলাদেশে ধানের উৎপাদন বাড়ছে কেন?

(জ) বাংলায় ইংরেজদের আগমন ঘটে কেন?

(ঝ) আইন অমান্য করলে কী হয়?

(ঞ) ছিন্নমূল শিশুরা মানবেতর জীবনযাপন করে কেন?

(ট) মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কত ধরনের রাষ্ট্রীয় খেতাব দেওয়া হয়?

(ঠ) নবাব সিরাজ-উদ-দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন?

(ড) বাংলাদেশের কোন অঞ্চলে ডালের চাষ বেশি হয়?

(ঢ) পরিবেশের উপর অতিরিক্ত জনসংখ্যার একটি প্রভাব লেখ।

(ণ) মহাস্থানগড় কত বছরের ইতিহাসের সাক্ষ্য বহন করে?

৩। **ক হতে জ পর্যন্ত প্রশ্নগুলো থেকে যেকোনো ছয়টি এবং ঝ হতে ঞ পর্যন্ত প্রশ্নগুলো থেকে একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) গণতন্ত্র কী? গণতন্ত্র প্রয়োজন কেন? তোমার বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(খ) মৌলিক চাহিদা কী? মৌলিক চাহিদা পূরণ করা গুরুত্বপূর্ণ কেন? মৌলিক চাহিদার ওপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব লেখ। ১+১+৩ = ৫

(গ) সড়ক দুর্ঘটনা কী? সড়ক দুর্ঘটনা ঘটে কেন? সড়ক দুর্ঘটনার তিনটি ক্ষতিকর দিক লেখ। ১+১+৩ = ৫

(ঘ) মানবাধিকার কী? মানবাধিকার রক্ষা করা প্রয়োজন কেন? মানবাধিকার রক্ষার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(ঙ) মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধ হয়েছিল কেন? মুক্তিযুদ্ধের তিনটি গুরুত্ব লেখ। ১+১+৩ = ৫

(চ) বন্যা কী? বন্যা হয় কেন? বন্যার তিনটি ক্ষতিকর দিক লেখ। ১+১+৩ = ৫

(ছ) বুদ্ধিজীবী দিবস কবে? বুদ্ধিজীবী দিবস পালন করা হয় কেন? শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ করার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(জ) বেগম রোকেয়া কে ছিলেন? তাঁকে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি কেন? নারী জাগরণে বেগম রোকেয়ার তিনটি অবদান লেখ। ১+১+৩ = ৫

(ঝ) অটিস্টিক শিশুর তিনটি বৈশিষ্ট্য লেখ। শিশু অধিকার লঙ্ঘনের দুইটি উদাহরণ লেখ। ৩+২ = ৫

(ঞ) পোশাক শিল্পের গুরুত্ব সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

https://teachingbd24.com